# পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড আইন, ২০১৪ এর ৮ ধারা অনুযায়ী ১৪ (চৌদ্দ) সদস্য বিশিষ্ট 'বোর্ড কমিটি' নিম্নরূপ :

"৮। পরিচালনা বোর্ড গঠন।-নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে পরিচালনা বোর্ড গঠিত হইবে, যথা:-

(ক) চেয়ারম্যান, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) ভাইস-চেয়ারম্যান, যিনি ইহার সহ-সভাপতিও হইবেন;

(গ) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি;

(ঘ) রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার জেলা প্রশাসক, পদাধিকারবলে;

(ঙ) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উহার অন্যূন উপ-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(চ) রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষত কর্তৃক মনোনীত উহাদের একজন করিয়া প্রতিনিধি;

(ছ) বোর্ডের চারজন সদস্য, যাহাদের মধ্যে বোর্ড কর্তৃক মনোনীত একজন ইহার সদস্য-সচিবের দায়িত্ব পালন করিবেন।"